

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টম হাউস, মোংলা, বাগেরহাট।
[নিলাম শাখা]
www.mch.portal.gov.bd


“E-Auction বিজ্ঞপ্তি”

মোংলা বন্দর জেটিতে রক্ষিত আমদানীকৃত বিভিন্ন মডেলের রিকন্ডিশন গাড়ী ও অন্যান্য মালামাল যেখানে যে অবস্থায় আছে সে ভিত্তিতে নিলাম সেল নং-০৫/২০২৩ এর বিপরীতে ০৯/১০/২০২৩ খ্রিঃ তারিখে সিল্ড টেন্ডার ও E-Auction এর মাধ্যমে নিলামে বিক্রয় করা হবে। সে লক্ষ্যে দরপত্র আহ্বান করা হচ্ছে। আগামী ২৭/০৯/২০২৩ খ্রিঃ তারিখে ওয়েব সাইটে (mch.portal.gov.bd) সংরক্ষিত মূল্যসহ ক্যাটালগ প্রকাশ করা হবে এবং আগামী ০৪/১০/২০২৩ খ্রিঃ তারিখে চূড়ান্ত ক্যাটালগ প্রকাশ করা হবে। নিলামে অংশগ্রহণকারী ব্যক্তির ক্ষেত্রে জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি এবং প্রতিষ্ঠানের ক্ষেত্রে হালনাগাদ ট্রেড লাইসেন্স, মূসক নিবন্ধন সনদ ও হালনাগাদ আয়কর সনদের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

আগামী ২৭/০৯/২০২৩ খ্রিঃ তারিখ হতে ০২/১০/২০২৩ খ্রিঃ তারিখ পর্যন্ত (ক) মোংলা কাস্টম হাউস, মোংলা, বাগেরহাট এর নিলাম শাখায় কর্মরত নিলামকারী মেসার্স কে এম কর্পোরেশন (খ) মেসার্স কে এম কর্পোরেশন, ৩০৬, স্ট্যান্ড রোড, মাঝিরঘাট, চট্টগ্রাম এবং (গ) জীবন বীমা ভবন, (২য় তলা) ৮০, মতিঝিল বা/এ, ঢাকা হতে ২০০/- (দুইশত) টাকা (অফেরৎযোগ্য) মূল্যে দরপত্র ক্রয় করা যাবে। অনলাইনে দাখিলের ক্ষেত্রে দরপত্র ক্রয়ের আবশ্যিকতা নেই। লটডুজ মালামাল আগামী ০১/১০/২০২৩ খ্রিঃ ও ০২/১০/২০২৩ খ্রিঃ তারিখ সকাল ০৯:৩০ টা হতে বিকাল ০৪.০০ টা পর্যন্ত পরিদর্শন করা যাবে।

অনলাইনে দরপত্র দাখিলে আগ্রহী নিলাম ক্রেতাগণ আগামী ০৮/১০/২০২৩ সকাল ০৯:৩০ টা হতে ০৯/১০/২০২৩ খ্রিঃ বিকাল ০৪:০০ ঘটিকা পর্যন্ত www.bangladeshcustoms.gov.bd ওয়েবসাইট এ উল্লিখিত E-Auction Software (103.48.18.166/auction/501) এ রেজিস্ট্রেশন করে উক্ত নিলামে অংশগ্রহণ করতে পারবেন। অনলাইনে দাখিলকৃত দরদাতাকে কোটেশন মূল্যের কমপক্ষে ১০% অর্থ জামানত যে কোন তফসিলি ব্যাংক হতে কমিশনার, মোংলা কাস্টম হাউস এর অনুকূলে ইস্যুকৃত পে-অর্ডার/ব্যাংক ড্রাফট/ডিডি এর স্ক্যান কপি অনলাইনে দাখিল করে এর মূল কপি ও প্রযোজ্য দলিলাদি ১১/১০/২০২৩ খ্রিঃ তারিখের মধ্যে রাজস্ব কর্মকর্তা (নিলাম), মোংলা কাস্টম হাউস এর দপ্তরে দাখিল করতে হবে।

সীল্ড টেন্ডারের ক্ষেত্রে আগামী ০৯/১০/২০২৩ সকাল ০৯:৩০ টা হতে দুপুর ০১.০০ টা পর্যন্ত (ক) কমিশনার, কাস্টম হাউস, মোংলা, বাগেরহাট (খ) কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট খুলনা (গ) কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট (ঢাকা দক্ষিণ) এবং (ঘ) কাস্টম হাউস, চট্টগ্রাম অফিস সমূহে রক্ষিত দরপত্র বাঞ্ছ দরদাতা কর্তৃক উদ্ধৃত মূল্যের অনূন্য ১০% জামানতসহ দরপত্র দাখিল করা যাবে। প্রাপ্ত দরপত্র আগামী ১২/১০/২০২৩ খ্রিঃ তারিখ সকাল ১১:০০ টার সময় ডেপুটি কমিশনার (নিলাম), মোংলা কাস্টম হাউস মোংলা, বাগেরহাট এর কক্ষে দরপত্র দাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হবে। নিলাম সংক্রান্ত নিয়মাবলী ও বিস্তারিত তথ্য সিডিউলে উল্লেখ থাকবে। প্রাথমিক তথ্যের জন্য জনাব মোঃ আশরাফুল আলম, রাজস্ব কর্মকর্তা (নিলাম), মোবাঃ ০১৭১৬-৮৬০২২৫), নিলামকারী প্রতিষ্ঠান: মেসার্স কে এম কর্পোরেশন, ৩০৬, স্ট্যান্ড রোড, মাঝিরঘাট, চট্টগ্রাম এর পক্ষে জনাব এ কে মুস্তাফিজুর রহমান, (চট্টগ্রাম) মোবাঃ ০১৩১০-৭৮৮২৮০ এবং জনাব মোঃ আফাজুর রহমান, (ঢাকা) মোবাঃ ০১৮২৩-০৩০২২৫ এর সাথে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।


24.09.23
(মোঃ মিজানুর রহমান)
ডেপুটি কমিশনার